## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"




এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 JULY 2026 ,SUNDAY | ১২ জুলাই ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-220


## বারবিশা হাইস্কুলে বনমন্ত্রী ও সাংসদের উপস্থিতিতে ২২ লাখে তৈরি শ্রেণিকক্ষের উদ্বোধন হল




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই :** শনিবার কুমারগ্রাম ব্লকের বারবিশা হাইস্কুলে নবনির্মিত একটি শ্রেণিকক্ষের উদ্বোধন হল। উদ্বোধনে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের বন ও পরিবেশ বিভাগের মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ, আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা সহ অন্যরা। জানা গিয়েছে ,সাংসদ তহবিল থেকে ২২ লাখ টাকা ব্যয়ে ওই শ্রেণিকক্ষটি নির্মাণ করা হয়েছে। এদিন মন্ত্রী ও সাংসদের উপস্থিতিতে সেটির উদ্বোধন হল। এদিন স্কুল প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এবং আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গাকে স্কুলের তরফে সংবর্ধনা জানানো হয়েছে। মন্ত্রী ও সাংসদ স্কুলে পৌঁছানোর সঙ্গে সঙ্গে বৈরাতি নৃত্যের মাধ্যমে বরণ করে নেওয়া হয়। এরপর স্কুল প্রাঙ্গণে থাকা পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ এবং আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গা। এরপর মঞ্চে অনুষ্ঠান শুরু হয়। এদিন স্কুল চত্বরে বৃক্ষরোপণ কর্মসূচিতেও অংশগ্রহণ করেন বনমন্ত্রী ও সাংসদ।

## কোচবিহারে গড়ে তোলা হবে ক্রীড়া কেন্দ্র ,ঘোষণা মন্ত্রী মালতী রাভা রায়ের



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১১ জুলাই :** শনিবার কোচবিহার রাজবাড়ি স্টেডিয়ামে কোচবিহার জেলা ক্রীড়া সংস্থা এবং শহরের প্রায় ২৫ টি সংস্থার পক্ষ থেকে পশ্চিমবঙ্গ নারী ও শিশু কল্যাণ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মালতী রাভা রায় কে সংবর্ধিত করা হয় । মন্ত্রী সাংবাদিক দের বলেন ,"যারা কোচবিহারের হয়ে খেলেছেন ,জেলাকে অনেক এগিয়ে নিয়ে গিয়েছেন ,জেলার তথা রাজ্যের মুখ উজ্জ্বল করেছেন , তাদের হাত থেকে আজ যে সংবর্ধনা পেলাম সেইজন্য আমি গর্বিত এবং আনন্দিত। আগামীতে এই জেলা ক্রীড়া সংস্থার জন্য অনেক কিছু করতে চাই। আমরা জেলাতে একটি স্পোর্টস হাব গড়ার চেষ্টা করবো"।

# প্রায় ১৫ ফুট লম্বা অজগর উদ্ধার চা বাগান থেকে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই :** একটা বিশালাকার অজগর উদ্ধার ঘটনায় চ্যাঞ্চল্য ছড়ালো আলিপুরদুয়ার জেলার আটিয়াবাড়ি চা বাগানে । এদিন চা বাগানে বাঙ্গাবাড়ি ডিভিশন থেকে প্রায় ১৫ ফিট লম্বা বিশালাকার অজগর দেখতে পেয়ে শ্রমিকরা বনদফতরে খবর দেয় ঘটনাস্থলে বনকর্মীরা পৌছে অজগর টিকে উদ্ধার করে। এদিন চা বাগানের অজগরের কথা প্রকাশ হতেই চা শ্রমিক থেকে শুরু করে এলাকার বাসিন্দারা ব্যাপক ভিড় করেছেন।

# ঋতব্রতর তৃণমূল শিবিরে যোগ দিয়েই কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি হলেন রবীন্দ্রনাথ ঘোষ




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১১ জুলাই :** কোচবিহার জেলার তৃণমূল কংগ্রেসের জন্মলগ্ন থেকেই একনিষ্ঠ কর্মী যিনি নাটাবাড়ি বিধানসভার বিধায়ক ছিলেন ,উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন , পরবর্তী কালে কোচবিহার জেলা শহর পুরসভার পৌরপতি ছিলেন মমতা পন্থী তৃণমূল কংগ্রেসের সেই বর্ষিয়ান নেতা রবীন্দ্রনাথ ঘোষ ঋতব্রত পন্থী তৃণমূল শিবিরে যোগ দিয়েই কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি হলেন। বর্তমান উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক সাংবাদিক দের বলেন, " ওনাকে তৃণমূল কংগ্রেসের সৃষ্টি লগ্ন থেকেই দেখেছি। একজন আদি তৃণমূল কংগ্রেস কর্মী হিসেবেই চিনি। রাজনৈতিক ময়দানে ওনার সাথে আমাদের লড়াই থেমে যাবে না কখনই "।

# শ্রাবন উৎসব এবং রথযাত্রা উপলক্ষে ভক্তদের ভিড় নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে বানেশ্বর শিব মন্দির এবং রাজারহাট ইস্কন মন্দির পরিদর্শনে জেলা পুলিশ সুপার




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১১ জুলাই :** আজ শ্রাবণ উৎসব উপলক্ষে কোচবিহারের পুলিশ সুপার যশপ্রীত সিং ( আইপিএস ) জেলার অন্যান্য পুলিশ আধিকারিকদের সঙ্গে নিয়ে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে পুণ্ডিবাড়ি থানার অন্তর্গত বানেশ্বর শিব মন্দির পরিদর্শন করেন । এর উদ্দেশ্য ছিল ভিড় নিয়ন্ত্রণ করা এবং ভক্তদের নিরাপত্তা নিশ্চিত করা।এছাড়াও, আসন্ন রথযাত্রা উপলক্ষে কোতোয়ালি থানার অন্তর্গত বাবুরহাটের ইসকন মন্দিরও পরিদর্শন করেন পুলিশ সুপার; সেখানে উৎসবটি সুষ্ঠু ও নিরাপদভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত প্রস্তুতির বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়। । জেলা পুলিশ সূত্রে প্রাপ্ত খবরে জানা গিয়েছে, উৎসব যাতে শান্তিপূর্ণ ভাবে আয়োজন করা হয় তার ব্যবস্থা সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে।



# প্রকাশ বিজেপিতে যোগ দিতেই তৃণমূলের নিচুস্তরের কর্মীদের ঔদ্ধত্য বেড়ে গেল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ জুলাই :** দলীয় কর্মসূচিতে যোগ দিতে গিয়ে তৃণমূলের প্রাক্তন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইককে ধুয়ে ফেললেন রাজ্যের বনমন্ত্রী তথা কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। প্রকাশ চিক বড়াইক তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করার পরেই তৃণমূলের নিচুস্তরের কর্মীরা রীতিমতো দাদাগিরি আরম্ভ করে দিয়েছেন বিজেপি কর্মী দের উপর এমন অভিযোগ ওঠে এসেছে বনমন্ত্রীর কাছে। শনিবার কুমার গ্রাম ব্লকের তুরতুরি খন্ড গ্রাম পঞ্চায়েত এলাকায় দলীয় কর্মসূচিতে যোগ দিতে গিয়েছিলেন পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |